গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেপুটি কো-অর্ডিনেটরের কাযালয়
যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।

# ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং-৩৪.০১.১৯০০.০০৬.৩৮.০০৩.৯৬ (৭)-৫৬৯ তারিখ: ১০-০৬-২০২৬খ্রি.

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্ম প্রত্যাশী যুবদের কর্ম সংস্থানের নিমিত্তে দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর কুমিল্লা এর ০৩ (তিন) মাস মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্ম প্রত্যাশী যুবদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | কোর্সের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | কোর্সের মেয়াদ | আসন সংখ্যা | কোর্সের ধরন | দরখাস্ত জমার শেষ তারিখ ও সময় | সাক্ষাৎকার গ্রহণের তারিখ | ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ | ভর্তি ফি ও জামানত | যোগাযোগ নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | "গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা,মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স | কমপক্ষে ৮ম শ্রেণি পাশ | ০৩ মাস | ৫০ জন | আবাসিক | ২৮/০৬/২০২৬ বিকাল ০৪.০০ | ৩০/০৬/২০২৬ সকাল ১০.০০টা | ০১/০৭/২০২৬ | ১০০/- ও ১০০/- | ০১৬২৮৮৮৬২৪৪ |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ:**

০১। কুমিল্লা যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, কোর্সটি বাস্তবায়ন করা হবে।
০২। প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫ বছর বয়সী, কমপক্ষে ৮ম শ্রেণি পাশ বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
০৩। জেলা/উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https://ytms.gov.bd wলংকে গিয়ে আবেদন করতে হবে।
০৪। আবেদনকরী প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০৫। অনলাইন এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপির সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংগে আনতে হবে।
০৬। দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত ভর্তির সুযোগ রয়েছে।
০৭। প্রার্থীকে উল্লেখিত তারিখে সকাল ০৯.০০ টায় সাক্ষাৎকার প্রদানের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, যুব ভবন, যুব উন্নয়ন অধিদপ্তর, কৃষ্ণনগর, দুর্গাপুর, আলেখারচর বিশ্বরোড কুমিল্লায় হাজির হতে হবে। এ জন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
০৮। বাছাই পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি আনতে হবে।
০৯। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০। ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whatsapp no.ও ইমেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
১১। আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
১২। কোর্সসমূহ সম্পূর্ণ আবাসিক।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

ক) ভর্তির সময় ভর্তি ফি ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ও জামানত বাবদ ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে।
খ) আবাসিক প্রশিক্ষণার্থীগণ নিজেদের বিছানাপত্র, মশারী, থালা, গ্লাস ইত্যাদি নিত্য ব্যবহায্য দ্রব্যাদি সংগে আনতে হবে।
গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা বাধ্যতা মূলক ভাবে মেনে চলতে হবে।
ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
ঙ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম কর্মসংস্থান নিয়োজিত হতে হবে।
চ) প্রশিক্ষণ কালীন সরকারী নির্দেশিত স্বাস্থ্য বিধি পরিপূর্ণ ভাবে পালন করতে হবে এবং প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করত:
ছ) সার্বিক যোগাযোগের জন্য মোবাইল নাম্বার ০১৩১৭২৬৯৯৩৩ (কোর্স কো-অর্ডিনেটর)।

প্রাপক,
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
কুমিল্লা।

১০/০৬/২৬
(মোঃ শফিকুল ইসলাম)
ডেপুটি কো-অর্ডিটের
যুব প্রশিক্ষণ কেন্দ্র,
যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।

স্মারক নং-৩৪.০১.১৯০০.০০৬.৩৮.০০৩.৯৬ (৭)-৫৬৬
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরীত হলো।
০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা-কে ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী ০৩জন (০৩ (তিন) মাস মেয়াদী) প্রশিক্ষণার্থী নির্বাচন করে যথাযথ ভাবে কুমিল্লা যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষার্থী প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কুমিল্লা।
০৪। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

১০/০৬/২০২৬
(মোঃ শফিকুল ইসলাম)

CS CamScanner